গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০৩৪.২০০৮-৭১৮

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৭ / ০৮ ডিসেম্বর ২০২০

**বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৭১৮.১৪.০১.২০১৭.১৮৮; তারিখ: ২৯/০৯/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প" শীর্ষক প্রকল্পটি মোট ৭৭৪.৮৫৩৮ কোটি (সাতশত চুয়াত্তর কোটি পঁচাশি লক্ষ আটত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয় এবং এপ্রিল ২০১১ হতে জুন ২০১৫ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৯/০৩/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং মোট ১১৯৯.৩৪ কোটি (এক হাজার একশত নিরানব্বই কোটি চৌত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং এপ্রিল ২০১১ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ১৫/০৪/২০১৪ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ১৪৩০.০০ কোটি (এক হাজার চারশত ত্রিশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং এপ্রিল ২০১১ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২০/১২/২০১৫ তারিখে অনুমোদিত হয়। অতপর আলোচ্য প্রকল্পের আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব গত ২০/১০/২০১৬ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর অর্থাৎ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অতঃপর জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটির মেয়াদ এপ্রিল ২০১১ হতে জুন ২০২০ এর পরিবর্তে এপ্রিল ২০১১ হতে জুন ২০২১ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। অক্টোবর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭৩.০০% এবং আর্থিক অগ্রগতি ১০১৪.১৮ কোটি (এক হাজার চৌদ্দ কোটি আঠার লক্ষ) টাকা (৭১.০০%)।

০২। প্রকল্পটি জুন ২০২১ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ২৩৩টি উপজেলায় প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। নিম্নবর্ণিত কারণে অনুমোদিত সময়ে কতিপয় উপজেলার কাজ শুরু/শেষ করা যায়নি:

- অনেক উপজেলায় মাস্টার প্ল্যান অনুযায়ী নির্মিতব্য ভবনের স্থানে পুরাতন ভবনসমূহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে অপসারণ করতে বিলম্ব হওয়া;
- কিছু কিছু উপজেলায় নির্মিতব্য ভবনের স্থানে গাছ থাকায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অপসারণ করতে বিলম্ব হওয়া;
- নবসৃষ্ট উপজেলার জমি অধিগ্রহণ করে হস্তান্তর করতে বিলম্ব হওয়া;
- ডিপিপি'র বছর ভিত্তিক সংস্থান অনুযায়ী এডিপি-তে বরাদ্দ না পাওয়া।

০৩। উপোরিল্লিখিত কারণে নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় প্রকল্পের চলমান কাজ সুষ্ঠুভাবে সমাপ্তির লক্ষ্যে বাস্তবায়ন মেয়াদকাল ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন। এ মেয়াদ বৃদ্ধির ফলে কোনো অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে না। উল্লেখ্য, আলোচ্য প্রকল্পের ২য় আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়সহ ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের ওপর গত ০৫/০২/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আলাদাভাবে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয় (সংযুক্তি-১)। এ বিষয়ে গত ০৩/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভায় প্রকল্পটির মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয় (সংযুক্তি-২)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৫। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ এপ্রিল ২০১১ হতে জুন ২০২১ এর পরিবর্তে এপ্রিল ২০১১ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: মেয়াদ বৃদ্ধির পূরণকৃত ছক ১ (এক) প্রস্থ।

০৮।১২।২০২০
(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

১। সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

২। সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।